



প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
১১/০৩/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি

নথীভুক্ত নং

তারিখ

গ্রহণের তারিখ

৩৬৭

১১/০৩/২০২৫

www.rhdc.gov.bd, Email: cht.rhdc.yahoo.com

নং-২৯.৩৪.৮৪০০.২০৭.৩৩.০০২.২৫-৭২৫


তারিখ: ০৯/০৩/২০২৫খ্রি: স্বাক্ষর

২০২৪-২০২৫ অর্থ বছরের শিক্ষা উপবৃত্তি বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ২০২৪-২০২৫ অর্থ বছরের 'শিক্ষা উপবৃত্তি-২০২৫' প্রদানের লক্ষ্যে কলেজ/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের নিকট হতে 'শুধুমাত্র অনলাইনে' শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd অথবা <https://www.scholarship.rhdc.gov.bd> -তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে।

শর্তাবলী:

- ১। স্থায়ী বাসিন্দার সনদপত্র জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত (Size=300KB) PDF Format;
- ২। উপজেলা চেয়ারম্যান/পৌর প্রশাসক/ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক প্রদত্ত পিতা/অভিভাবকের বাৎসরিক আয়ের হালসনদ, পিতা/অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ (Size=300KB) PDF Format;
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে বিভাগীয় প্রধানের হালসনদ প্রত্যয়ন পত্র (Size=300KB) PDF Format;
- ৪। আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (Size=900KB) PDF Format;
ক্রমিকের ০১ হতে ০৪ পর্যন্ত সকল ডকুমেন্ট নির্ধারিত সাইজে স্ক্যান করে PDF Format আকারে অনলাইনে আপলোড করতে হবে;
- ৫। সম্প্রতি তোলা রংগিন পাসপোর্ট সাইজের ছবি- ৩০০*৩০০ পিক্সেল Size= 100KB, এবং স্বাক্ষর- ৩০০*৮০ পিক্সেল Size= 80KB, স্ক্যান করে JPEG/PNG ফরম্যাটে অনলাইন নির্ধারিত স্থানে আপলোড করতে হবে;
- ৬। অনলাইনে আবেদন করার ক্ষেত্রে মোবাইল নম্বরটি অবশ্যই বিকাশ (Bikash) Personal হতে হবে। তবে নিজ-পিতামাতা ও আপন ভাই-বোনদের বিকাশ মোবাইল নম্বর গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, অন্য ব্যক্তির বিকাশ নাম্বার গ্রহণযোগ্য নহে।
- ৭। আবেদনের সময়সীমা আগামী ১০/০৩/২০২৫খ্রি. হতে ১৭/০৪/২০২৫খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।
- ৮। আবেদনকারীর সনদপত্রে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না।



(কৃষিবিদ কাজল তালুকদার)
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ফোন: ০২৩৩৩৩৭১৬২৭

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


তারিখ: ১১/০৩/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ২০২৪-২০২৫ অর্থবছরে "শিক্ষা উপবৃত্তি-২০২৫" প্রদানের লক্ষ্যে রাঙ্গামাটি সরকারি কলেজে অধ্যয়নরত ও নিয়মিত শিক্ষার্থীকে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক ১১/০৩/২০২৫ হতে ১৭/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশ দেওয়া গেল।


(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী),
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১১/০৩/২০২৫

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।